



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১



## প্রেস বিজ্ঞপ্তি

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় বিজয় দিবস পালিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৬ ডিসেম্বর ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় আজ বিজয় দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে দিনব্যাপী নানা ধরনের কর্মসূচির আয়োজন করা হয়। সকাল সাড়ে সাতটায় জাতীয় স্মৃতিসৌধে উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম ১৯৭১ এর মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এর আগে উপাচার্য সবাইকে বিজয় দিবসের শুভেচ্ছা জানান। এ সময় উপাচার্য তাঁর বক্তব্যে মুক্তিযুদ্ধের মহানায়ক, বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মুক্তিযুদ্ধ ও অন্যান্য গণতান্ত্রিক আন্দোলনে শহীদদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। তিনি শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁদের স্বপ্নের বাংলাদেশ গঠনে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক), আবাসিক হলের প্রভোস্ট, প্রক্টর, শিক্ষক সমিতি, মহিলা ক্লাব, অফিসার সমিতি, কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ এ সময় উপাচার্যের সঙ্গে উপস্থিত ছিলেন। উপাচার্যের শ্রদ্ধাঞ্জলি নিবেদনের পর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, অফিসার সমিতি, কর্মচারী সমিতি, কর্মচারী ইউনিয়ন, হল প্রভোস্ট, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ, বিভিন্ন বিভাগ এবং পেশাজীবী বিভিন্ন সংগঠন শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে।

দিবসটি উপলক্ষে সূর্যোদয়ের সময় প্রশাসনিক ভবনে জাতীয় পতাকা এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করা হয়। এছাড়াও দিবসটি উপলক্ষে কেন্দ্রীয় খেলার মাঠে সকাল নয়টায় চ্যাম্পেলর কাপ ফুটবল এবং উপাচার্য কাপ হ্যাণ্ডবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। চ্যাম্পেলর কাপ ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলায় মীর মশারফ হোসেন হল টাইব্রেকারে ৩-১ গোলে আলবেরুনি হলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়। ছাত্রীদের উপাচার্য কাপ হ্যাণ্ডবল খেলার ফাইনালে টাইব্রেকারে শেখ হাসিনা হল ২-১ গোলে নওয়াব ফয়জুল্লাহ হলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়।

বিজয় দিবস উপলক্ষে ছাত্র-শিক্ষক কেন্দ্রের আয়োজনে বিজয় মেলা, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের আয়োজনে মনুয়া তলায় বিজয়ের গান এবং বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে মুক্তিযুদ্ধ ভিত্তিক গ্রন্থ, জার্নাল, পোস্টার ও আলোকচিত্র প্রদর্শন করা হয়।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

